গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং- ৪৬.০৮৩.২০৩.০০০.৯৯.০০৯.১৬-৯৫৪৬

তারিখঃ ১২ মাঘ ১৪২৪ / ২৫ জানুয়ারি ২০১৮

পরিপত্র

বিষয়ঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্প এর আওতায় পুকুর খননের স্থান নির্বাচন, জমি অধিগ্রহণ ও বাস্তবায়ন পদ্ধতি।

১। স্থান নির্বাচন পদ্ধতিঃ

ক) খননের ক্ষেত্রে সরকারি জমি অথবা খাস জমিকে অগ্রাধিকার দিতে হবে। সরকারি মালিকানাধীন জমি বা খাস জমির ক্ষেত্রে জেলা প্রশাসন এবং ডিপিএইচই এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে পুকুর খনন কাজ শুরু করতে হবে। পুকুর খনন কাজ সম্পন্ন করার পর নির্মিত সুবিধাদি জেলা প্রশাসনের প্রতিনিধির নিকট হস্তান্তর করতে হবে। এরূপ ক্ষেত্রে জমির মালিকানা জেলা প্রশাসনের থাকবে।

খ) কোন সামাজিক প্রতিষ্ঠান যেমন স্কুল, কলেজ, মাদ্রাসা, মসজিদ, মন্দির ইত্যাদি জমি বিনা মূল্যে প্রদানে আগ্রহী হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং ডিপিএইচই এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে পুকুর খননের কার্যক্রম শুরু করতে হবে। পুকুর খনন কাজ সম্পন্ন করার পর নির্মিত সুবিধাদি প্রতিষ্ঠানের প্রতিনিধির নিকট হস্তান্তর করতে হবে। এরূপ ক্ষেত্রে জমির মালিকানা প্রতিষ্ঠানের থাকবে।

গ) যদি বিনা মূল্যে জমি পাওয়া না যায় তবে প্রকল্পের সংস্থান অনুযায়ী ইউনিয়ন পরিষদের অনুকূলে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে জমি অধিগ্রহণ করতে হবে। ইউনিয়ন পরিষদ এবং ডিপিএইচই এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে পুকুর খননের কার্যক্রম শুরু করতে হবে। পুকুর খনন কাজ সম্পন্ন করার পর নির্মিত সুবিধাদি ইউনিয়ন পরিষদের প্রতিনিধির নিকট হস্তান্তর করতে হবে। এরূপ ক্ষেত্রে জমির মালিকানা ইউনিয়ন পরিষদের থাকবে।

ঘ) কোন ব্যাক্তি বিনামূল্যে জমি দান করতে আগ্রহী হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে উক্ত জমি রেজিস্ট্রেশন করে দিতে হবে। দানপত্র রেজিস্ট্রেশন ফি প্রকল্প হতে বহন করা হবে।

ঙ) প্রকল্প পরিচালকের দপ্তর হতে ডিপিপির সংস্থান অনুযায়ী জেলা ভিত্তিক পুকুর খননের সম্ভাব্য ভৌত বরাদ্দ সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বরাবরে প্রদান করা হবে।

চ) উপজেলা কার্যালয় হতে প্রাথমিক চাহিদা (উপজেলা ওয়াটসান কমিটি কর্তৃক সুপারিশকৃত) সংগ্রহের পর সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী প্রাপ্ত বরাদ্দের বিষয়ে জেলা ওয়াটসান কমিটিতে উপস্থাপন করবে এবং জেলা ওয়াটসান কমিটি পুকুর খননের জন্য উপজেলা ভিত্তিক বরাদ্দ বিভাজন করবে।

ছ) উপজেলা ওয়াটসান কমিটি উপজেলা ভিত্তিক প্রাপ্ত বরাদ্দ এবং স্থান নির্বাচন বৈশিষ্ট্য অনুযায়ী পুকুর খননের জন্য অগ্রাধিকার ক্রম অনুযায়ী তালিকা প্রস্তুত করবে এবং নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সংশ্লিষ্ট জেলা/বিভাগ বরাবর প্রেরণ করবে।

জ) স্থান নির্বাচন কালে পুকুর সমূহ যেন ব্যবহারকারী কমিউনিটির কাছাকাছি হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।

ঝ) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা/বিভাগ কর্তৃক নির্বাচিত স্থানের ফটোগ্রাফ, অক্ষাংশ, দ্রাঘিমাংশ উল্লেখ পূর্বক স্থান তালিকা প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করবেন।

২.০। উপজেলা নির্বাহী অফিসার এর নেতৃত্বে প্রকল্প বাস্তবায়ন উপদেষ্টা কমিটি মাঠ পর্যায়ে পুকুর খনন এর বিষয়ে দিকনির্দেশনা ও সার্বিক সহায়তা প্রদান করবেন। কমিটি গঠন ও কার্যপরিধি নিম্নরূপঃ

। **প্রকল্প বাস্তবায়ন উপদেষ্টা কমিটিঃ**

ক)	উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)	ঃ	সভাপতি
খ)	ইউপি চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউনিয়ন)	ঃ	সদস্য
গ)	নিকটবর্তী সরকারী প্রাথমিক/মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ১জন (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)	ঃ	সদস্য
ঘ)	গণ্যমান্য ব্যক্তি ১ জন (উপজেলা পরিষদ চেয়ারম্যান কর্তৃক মনোনীত)	ঃ	সদস্য
ঙ)	উপ-সহকারী প্রকৌশলী, জঃস্বাঃপ্রঃঅধিঃ	ঃ	সদস্য-সচিব

২.২। কার্যপরিধি ঃ

ক) পুকুর খনন কার্যক্রমে সহায়তা প্রদান;

খ) পুকুর খননের পূর্ববর্তী ও পরবর্তী অবস্থা তদারকি ও পর্যালোচনা এবং সমস্যা সমাধানের সুপারিশ প্রদান;

গ) পুকুর খননের প্রত্যয়ন প্রাপ্তি সাপেক্ষে পুকুরটি জেলা প্রশাসন/প্রতিষ্ঠান/ইউনিয়ন পরিষদের নিকট হস্তান্তর এবং যথাযথ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ নিশ্চিতকল্পে ব্যবস্থাপনা কমিটি গঠন।

৩.০। প্রস্তাবিত পুকুর খননের নিমিত্তে স্থান নির্বাচন বৈশিষ্ট্য ঃ

৩.১। কারিগরী বিষয়াদি ঃ

ঘ) পুকুর এর মাপ পাড়সহ ০.৫০ একর হতে ১.০০ একর এর মধ্যে হবে।

ঙ) খননকৃত পুকুরের পাড় হতে ১০ মিটারের মধ্যে কোন ল্যাট্রিন এবং সোকপিট থাকবে না।

চ) কোন ড্রেন/নর্দমার বা অন্য কোন পানির উৎসের নির্গমন পথ (Outlet) থাকবে না।

ছ) খননের পর পুকুরে মাছ চাষ করা যাবে না।

জ) খননকৃত পুকুরে গোসল, কাপড়কাঁচা, থালাবাসন ধোয়া ইত্যাদি কাজ করা যাবে না। শুধুমাত্র পিএসএফএর মাধ্যমে সরবরাহকৃত পানি পান এবং ঘর-গৃহস্থালীর কাজে ব্যবহার করা যাবে।

ঝ) এঁটেল/কাদামাটি সমৃদ্ধ স্থান নির্বাচন করতে হবে। পুকুরের তলদেশের জন্য কাদামাটি নির্বাচন করা শ্রেয়

ঞ) পুকুরের আশে পাশে জনবসতি থাকতে হবে।

ট) লবণাক্ত জলাশয়ের অবস্থান হতে কমপক্ষে ১০০মিটার দূরত্বে পুকুরের স্থান নির্বাচন করতে হবে।

ঠ) যে এলাকায় ভূগর্ভস্থ মিঠা পানির অপর্যাপ্ততা রয়েছে সে এলাকাকে পুকুর খননে অগ্রাধিকার দিতে হবে

ড) শুষ্ক মৌসুমে পুকুরের তলদেশ হতে পানির গভীরতা কমপক্ষে ২(দুই) মিটার পর্যন্ত থাকা বাঞ্ছনীয়।

৩.২। সামাজিক (Social) বিষয়াদি ঃ

ক) নির্বাচিত স্থান সামাজিক বিরোধমুক্ত হবে।

খ) ব্যবহারকারীদের মধ্যে সামাজিক সম্প্রীতি (Social harmony) থাকতে হবে।

গ) পুকুরটি কমিউনিটির সকলের ব্যবহারের জন্য উন্মুক্ত হতে হবে।

৪.০। বাস্তবায়ন পদ্ধতি ঃ

ক. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর নেতৃত্বে গঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) সার্বিক কার্যক্রম তদারকি করবে।

খ. পুকুর খননের বিষয়ে সার্ভে, ডিজাইন, প্রাক্কলন প্রণয়ন ইত্যাদির বিষয়ে উপজেলার সংশ্লিষ্ট উপসহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী এবং নির্বাহী প্রকৌশলীদের ওরিয়েন্টেশন/প্রশিক্ষণ প্রদান।

গ. নক্সা ও প্রাক্কলন প্রস্তুতির ক্ষেত্রে একটি যৌথ জরীপ কাজ সম্পন্ন করা হবে। এই জরীপ কাজ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়িত হবে এবং উপ-সহকারী/সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং প্রতিনিধি, জেলা প্রশাসন/প্রতিষ্ঠান/ইউনিয়ন পরিষদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এতে যৌথভাবে স্বাক্ষর করবেন।

হাইড্রো-জিওলজিক্যাল (ওয়াটার টেবিল, জিওলজি ইত্যাদি) অবস্থার ভিত্তিতে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী পুকুরের চূড়ান্ত নক্সা প্রণয়ন করবেন। চূড়ান্ত নক্সার ভিত্তিতে নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রাক্কলন প্রস্তুত করবেন এবং তা অনুমোদনের জন্য প্রকল্প পরিচালকের নিকট প্রেরণ করবেন।

ঙ. অনুমোদিত নক্সা এবং প্রাক্কলনের ভিত্তিতে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী পিপিআর-২০০৮ এবং তৎপরবর্তীতে জারীকৃত সংশোধনী সমূহ অনুসরণপূর্বক কাজ বাস্তবায়নের জন্য ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচন করবেন

৫.০। পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য ব্যবস্থাপনা কমিটিঃ (সরকারী জমি, খাস জমি, অধিগ্রহণকৃত জমির ক্ষেত্রে)

১.	ইউপি চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউপি)	ঃ	সভাপতি
২.	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত প্রতিনিধি (নিকটবর্তী সরকারী প্রাথমিক/মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক)	ঃ	সদস্য
৩.	সুবিধাভোগী প্রতিনিধি (পুরুষ) (সুবিধাভোগীগণ কর্তৃক মনোনীত)	ঃ	সদস্য
৪.	সুবিধাভোগী প্রতিনিধি (মহিলা) (সুবিধাভোগীগণ কর্তৃক মনোনীত)	ঃ	সদস্য
৫.	নলকূপ মেকানিক, জঃস্বাঃপ্রঃঅধিঃ		সদস্য-সচিব

৫.১। পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য ব্যবস্থাপনা কমিটি ঃ (প্রতিষ্ঠানের মালিকানাধীন জমির ক্ষেত্রে)

১.	প্রতিষ্ঠান প্রধান/মনোনীত প্রতিনিধি	ঃ	সভাপতি
২.	সংশ্লিষ্ট ইউপি ওয়ার্ড সদস্য	ঃ	সদস্য
৩.	সুবিধাভোগী প্রতিনিধি (পুরুষ)	ঃ	সদস্য
৪.	সুবিধাভোগী প্রতিনিধি (মহিলা)	ঃ	
৫.	নলকূপ মেকানিক, জঃস্বাঃপ্রঃঅধিঃ	ঃ	সদস্য-সচিব

৫.২। পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য ব্যবস্থাপনা কমিটি ঃ (ব্যক্তিকর্তৃক দানকৃত জমির ক্ষেত্রে)

১.	ইউপি চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউপি)	ঃ	সভাপতি
২.	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত প্রতিনিধি (নিকটবর্তী সরকারী প্রাথমিক/মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক)	ঃ	সদস্য
৩.	জমি দাতা		সদস্য
৪.	সুবিধাভোগী প্রতিনিধি (পুরুষ) (সুবিধাভোগীগণ কর্তৃক মনোনীত)	ঃ	সদস্য
৫.	সুবিধাভোগী প্রতিনিধি (মহিলা)	ঃ	সদস্য
৬.	নলকূপ মেকানিক, জঃস্বাঃপ্রঃঅধিঃ	ঃ	সদস্য-সচিব

৫.৩। কার্যপরিধি ঃ

ক) পুকুরে বহিঃদূষণ রোধ

খ) ভবিষ্যতে ক্ষতির হাত হতে রক্ষাকল্পে পকুরের পাড় ও বেড়া মেরামত;

গ) পুকুরের গভীরতা কমপক্ষে ২ মিটার বজায় রাখার স্বার্থে সময় সময় পুকুরের কাদা অপসারণ;

ঘ) পিএসএফ এবং অন্যান্য ফিল্টার ইউনিট এর পরিচালনা ও রক্ষণাবেক্ষণ;

ঙ) পানির গুণগতমান পরীক্ষা ও অন্যান্য বিষয়ে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে সহায়তা প্রদান;

চ) পুকুর পাড়ে কোন বাণিজ্যিক কার্যক্রম হতে সকলকে বিরত রাখা;

ছ) পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য সুবিধাভোগীদের নিকট হতে অর্থ সংগ্রহ।

০৬. পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য কমিউনিটির নিকট হতে সংগ্রহকৃত অর্থ কমিটির নামে বাণিজ্যিক ব্যাংকে জমা থাকবে এবং ব্যয়ের জন্য সভাপতি ও সদস্য-সচিবের যৌথ স্বাক্ষরে উক্ত হিসাব হতে অর্থ উত্তোলন করা যাবে।

০৭. জেলা প্রশাসন/প্রতিষ্ঠান/ইউনিয়ন পরিষদ (প্রযোজ্য ক্ষেত্রে) বছরান্তে ব্যবস্থাপনা কমিটির কর্ম দক্ষতা নিরূপণ এবং আর্থিক অডিট সম্পন্ন করবে, প্রয়োজনবোধে নির্ধারিত সময়ের পূর্বেই কমিটি পূণর্গঠন করতে পারবে।

০৮. নিরাপদ পানি সরবরাহের জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পুকুর ও ফিল্টার ইউনিট এর টেকসই ব্যবহারকল্পে পরিচালন, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা কমিটিকে প্রশিক্ষণ প্রদান করবে।

০৯. শুষ্ক মৌসুমে (ডিসেম্বর থেকে মার্চ মাসে) পুকুর খননের কাজ করতে হবে।

১০. পুকুরের চারপাশে নারিকেল/তাল/সুপারি/নিম গাছ রোপণ করতে হবে।

১১. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পানির গুণগতমান পরীক্ষার জন্য কারিগরী সহায়তা প্রদান করবে। এ ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যয় ব্যবস্থাপনা কমিটি বহন করবে।

মোঃ খাইরুল ইসলাম
উপ-সচিব (পাস-১)
ফোন ঃ ৯৫৭৫৫৬২

স্মারক নং- ৪৬.০৮৩.২০৩.০০০.৯৯.০০৯.১৬- ১৩৪৭/১(৭) তারিখঃ ১২ মাঘ ১৪২৪ / ২৫ জানুয়ারি ২০১৮

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মহাপরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্ম-সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
৫. উপ-প্রধান, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. জেলা প্রশাসক (সকল), ... জেলা।
৭. প্রকল্প পরিচালক, "পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্প", ডিপিএইচই, ঢাকা।
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ... উপজেলা, ... জেলা।
৯. চেয়ারম্যান, ... ইউপি, ... উপজেলা, ... জেলা

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোঃ খাইরুল ইসলাম
উপ-সচিব